উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: জানুয়ারি/২০২৪)

অধিবেশন:-১৩৫

উপদেষ্টা : মেজর জেনারেল আব্দুস সালাম, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

সভাপতি : হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৩ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ।

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান,** উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সম্প্রতি একজন এনেসথেসিয়লজিষ্ট যোগদান করেছেন ফলে অপারেশন থিয়েটার এর কার্যক্রম আরও বেগবান হবে। | অপারেশন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে অত্র উপজেলায় ২২,২৮০ হেক্টর জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। অত্র উপজেলায় অদ্য পর্যন্ত ১৫০০০ হেক্টর জমিতে বোরো রোপন হয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ লাইন এবং লঘু পদ্ধতিতে চারা রোপনে কৃষকদের উদ্বুদ্ধ করতে কৃষকদের পাশে থেকে সর্বদা পরামর্শ প্রদান করে যাচ্ছে। আশা করা যাচ্ছে এ বছরও লক্ষ্যমাত্রা অতিক্রম হবে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষ জনক। জানুয়ারী/২০২৪ মাসে ১৫৪৮ মেঃটন ইউরিয়া সার বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্য পর্যন্ত ৬১১ মেঃটন ইউরিয়া সার মিল এবং বাফার থেকে উত্তোলন হয়েছে এবং মজুদ রয়েছে ৮৫৭ মেঃটন ইউরিয়া সার। বাকি সারের টাকা ডিলারগণ জমা প্রদান করেছেন আশা করা যাচ্ছে দ্রুত সময়ের মধ্যেই অনুত্তোলিত সার উত্তোলন হয়ে যাবে। সার দ্রুত উত্তোলনের জন্য ডিলারগণকে তাগিদ প্রদান করা হচ্ছে। নন- ইউরিয়া সারের মধ্যে অদ্য পর্যন্ত মজুদ রয়েছে টিএসপি-৬৭ মেঃটন, ডিএপি-১৮৬ মেঃটন এবং এমওপি-১৯৬ মেঃটন। চলতি রবি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। প্রতিটি বিসিআইসি সারের দোকানে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ প্রতিনিয়ত উপস্থিত থেকে কৃষকদের মাঝে ন্যায্য মূল্যে সার বিক্রয় করার জন্য সিডিউল ডিউটি প্রদান করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | কোন ধরণের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৪। **উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য অধিদপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| ০৫। **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়ের জনবলের তথ্য নিম্নরূপভাবে জানান<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-১জন, ভেটেরিনারি সার্জন-১জন, উপসহকারি প্রাণি সম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)-৩জনের মধ্যে শূন্য রয়েছে-২টি, উপসহকারি প্রাণি সম্পদ কর্মকর্তা (প্রাণি স্বাস্থ্য) পদ-১টি শূন্য রয়েছে-১টি, উপসহকারি প্রাণি সম্পদ কর্মকর্তা (কৃমি প্রজনন)-১জন, অফিস সহকারি পদ-১টি শূন্য রয়েছে-১টি, ড্রেসার | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার, নান্দাইল। |

<table>
<tr><td>পদ-১টি শূন্য রয়েছে-১টি, অফিস সহায়ক পদ-১টি শূন্য রয়েছে-১টি।</td><td></td><td></td></tr>
<tr><td>০৬। উপজেলা প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, এডিপি কার্যক্রম চলমান রয়েছে। তিনি কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করেন এবং সমাপ্ত প্রকল্পের কাজের বিল চলমান রয়েছে।</td><td>২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি এর আওতায় সকল উন্নয়ন মূলক কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী নান্দাইল।</td></tr>
<tr><td>০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, নান্দাইল উপজেলায় ৬৭৬০টি কম্বল বরাদ্দ পাওয়া যায়। ৬৭৬০টি কম্বল সফলভাবে গরীব অসহায় দরিদ্র পরিবারের মাঝে বিতরণ করা হয়েছে।<br>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর ২য় পর্যায়ে ৩৯,৬৮,২৮৮ টাকার ৪৯ টি প্রকল্প তালিকা পাওয়া গেছে।<br>গ্রামীন অবকাঠামো সংস্কার কাবিখা (চাল/গম) ৪৬.৪২৮৮ মেঃটন চাল দ্বারা ১৪টি প্রকল্প এবং ৪৬.৪২৮৮ মেঃটন গম দ্বারা ১৪টি প্রকল্প পাওয়া গেছে।</td><td>নীতিমালা মোতাবেক সকল প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।</td></tr>
<tr><td>০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা জনবল সমস্যা বিষয়ে আলোচনা জানান যে, ৮ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার পদের মধ্যে ৩জন কর্মরত আছেন। ৫টি সহকারী উপজেলা শিক্ষা অফিসারের পদ শূন্য রয়েছে। ১জন হিসাব সহকারীর পদ শূন্য রয়েছে। ১৭৮ টি স্কুলের ১১৬৩ জন শিক্ষক পদে বর্তমানে কর্মরত রয়েছে ১০৩৯ জন। শূন্য রয়েছে ১২৪ জন। প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়ন এবং বিপুল সংখ্যাক শিক্ষকের বিভিন্ন প্রকার সেবার মান নিশ্চিত করনে শূন্যপদে জনবল নিয়োগ করা জরুরি।<br>প্রাথমিক শিক্ষা অফিসে সেবার মান নিশ্চিত করণে আরও ৪টি কক্ষ প্রয়োজন। বর্তমান শিক্ষা অফিসের পশ্চিম পার্শ্বের ফাকা জায়গায় বর্ধিত করণ করা যায় কিনা উপজেলা প্রকৌশলীর সহযোগিতা কামনা করেন।</td><td>প্রতিটি স্কুলে শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইলকে ১৭৮টি স্কুলের মধ্যে কোন কোন স্কুলে শহিদ মিনার নির্মাণ করা হয়েছে এবং কোন স্কুলে শহিদ মিনার নির্মাণ করা হয়নি তার তথ্য জরুরি ভিত্তিতে দাখিল করা এবং শহিদ মিনার নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।</td></tr>
<tr><td>উপজেলা শিক্ষা অফিসের সংযোগ রাস্তাটি কাঁচা। প্রচুর বালি মাটি থাকায় যাতায়াতে খুব সমস্যা হয়। উপজেলা পরিষদ থেকে রাস্তাটি এইচবিবি করার বিষয়ে প্রস্তাব উথাপন করেন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।</td><td>উপজেলা শিক্ষা অফিসের সংযোগ রাস্তাটি এবং উপজেলা শিক্ষা অফিসের ভবন বর্ধিত করার বিষয়ে উপজেলা প্রকৌশলী, নান্দাইলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, নান্দাইল।</td></tr>
<tr><td>৭৫টি প্রাথমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় প্রতি বিদ্যালয়ে বিদ্যুৎসাহী পুরুষ ও ১জন মহিলা মনোনয়ন দেবেন। প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>নীতিমালা মোতাবেক ম্যানেজিং কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।</td></tr>
<tr><td>০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র অফিসে ২টি শূন্য পদ রয়েছে। একজন সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং একজন হিসাব রক্ষক পদ শূন্য রয়েছে। আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা সুষ্ঠভাবে সম্পদনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। ২০২৪ সনের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যের পাঠ্যপুস্তক ১০০% পাওয়া গিয়াছে। প্রাপ্ত পাঠ্যপুস্তক দ্রুত শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>আগামী ১৫ ফেব্রুয়ারি/২০২৪ থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।</td></tr>
<tr><td>১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে জনবল বিষয়ে আলোচনা করেন :
<table>
<tr><th>পদবী</th><th>অনুমোদিত পদের সংখ্যা</th><th>কর্মরত পদ সংখ্যা</th><th>শূণ্য পদের সংখ্যা</th></tr>
<tr><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা</td><td>৩</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>অফিস সহকারী</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>ক্যাশিয়ার</td><td>১</td><td>০</td><td>১</td></tr>
<tr><td>অফিস সহায়ক</td><td>১</td><td colspan="2">১, প্রেষনে ময়মনসিংহে</td></tr>
</table></td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণের সিডিউল মোতাবেক সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গাড়ি ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।</td></tr>
</table>

<table>
<tr>
<td>

১১। **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি)** জানান, বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে জনবল বিষয়ে আলোচনা করেন।

<table>
<tr><th>পদবী</th><th>অনুমোদিত পদের সংখ্যা</th><th>কর্মরত পদ সংখ্যা</th><th>শূণ্য পদের সংখ্যা</th></tr>
<tr><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা</td><td>১</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>হিসাব রক্ষক</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td colspan="4">স্থানীয় বাজেটের আওতায়</td></tr>
<tr><td>হিসাব সহকারী</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>অফিস সহকারী</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>অফিস সহায়ক</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>নৈশ প্রহরী</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
</table>

</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় সর্বমোট কতোগুলি ডিপ টিউবওয়েল রয়েছে? কতোগুলি চলমান এবং কতোগুলি বন্ধ রয়েছে তার তথ্য দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল।</td>
</tr>
<tr>
<td>

১২। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি** নিম্নরূপভাবে জনবল বিষয়ে আলোচনা করেন।

<table>
<tr><th>পদবী</th><th>অনুমোদিত পদের সংখ্যা</th><th>কর্মরত পদ সংখ্যা</th><th>শূণ্য পদের সংখ্যা</th></tr>
<tr><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>ক্রেডিট সুপারভাইজার</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>অফিস সহকারী</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>প্রশিক্ষক</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>অফিস সহায়ক</td><td>২</td><td>১</td><td>১</td></tr>
</table>

</td>
<td>নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল</td>
</tr>
<tr>
<td>

১৩। **উপজেলা পঃ পঃ কর্মকর্তা জানান যে,** উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের জনবলের হালনাগাদ তথ্য নিম্ন রূপে দাখিল করেন।

<table>
<tr><th>পদবী</th><th>অনুমোদিত পদের সংখ্যা</th><th>কর্মরত পদ সংখ্যা</th><th>শূণ্য পদের সংখ্যা</th></tr>
<tr><td>উপজেলা পরিবার পকিল্পনা কর্মকর্তা</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>মেডিকেল অফিসার (এমসিএইচএফপি)</td><td>২</td><td>২</td><td>০</td></tr>
<tr><td>সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td><td>১</td><td>০</td><td>১</td></tr>
<tr><td>সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এরসিএইচ-এফপি)</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী</td><td>৩</td><td>৩</td><td>০</td></tr>
<tr><td>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>উপ সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার</td><td>৭</td><td>৫</td><td>২</td></tr>
<tr><td>পরিবার কল্যাণ পরিদর্শিকা</td><td>১৩</td><td>৮</td><td>৫</td></tr>
<tr><td>ফার্মাসিস্ট</td><td>৭</td><td>১</td><td>৬</td></tr>
<tr><td>পরিবার পরিকল্পনা পরিদর্শক</td><td>১২</td><td>১২</td><td>০</td></tr>
<tr><td>পরিবার কল্যাণ সহকারী</td><td>৭৭</td><td>৫৪</td><td>২৩</td></tr>
<tr><td>অফিস সহায়ক (এমএলএসএস)</td><td>২</td><td>২</td><td>০</td></tr>
<tr><td>এমএলএসএস/ নিরাপত্ত প্রহরী</td><td>৭</td><td>২</td><td>৫</td></tr>
<tr><td>আয়া</td><td>১৩</td><td>৫</td><td>৮</td></tr>
</table>

বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

</td>
<td>নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল।</td>
</tr>
<tr>
<td>১৪। উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ে উপজেলা সমবায় অফিসার-১জন, সহকারী পরিদর্শক-২ জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১জন, অফিস সহায়ক-১জন। বর্তমানে অত্র কার্যালয়ে কোন পদ শূন্য নেই।</td>
<td>নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, নান্দাইল।</td>
</tr>
<tr>
<td>

১৫। **সহকারী প্রোগ্রামার জানান যে,** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উর্দ্ধমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার স্থাপনের কাজ দ্রুত আরম্ভ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠান নান্দাইল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ৯০ জন ছাত্রীকে ০৬টি ব্যাচে প্রতি ব্যাচে ১৫ জন করে প্রতি দনি ৩ ঘন্টা করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাধ্যমে পাইথন প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল ও ডি নথি সিস্টেম যথাযথভাবে হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

</td>
<td>

প্রকল্পের কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠান নান্দাইল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাধ্যমে পাইথন প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণটি দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল ও ডি নথি সিস্টেম যথাযথভাবে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

</td>
<td>

উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সহকারী প্রোগ্রামার, নান্দাইল।

সহকারী প্রোগ্রামার, নান্দাইল।

দপ্তর প্রধান (সকল)।

</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ওয়েব পোর্টাল ও ডি-নথি সরাসরি বার্ষিক কার্মপরিকল্পনা চুক্তির সাথে সম্পর্কিত। | | |
| **১৬। চেয়ারম্যান চণ্ডীপাশা ইউনিয়ন পরিষদ জানান যে** নান্দাইল চৌরাস্তা গোল চত্বরে ১৯৪৮ সাল হতে ১৯৭১ সাল পর্যন্ত ইতিহাস সম্মিলিত একটি টাওয়ার নির্মাণ করা হবে। উক্ত স্থানে দুইটি টয়লেট রয়েছে। টাওয়ার নির্মাণের জায়গায় হতে দুইটি টয়লেট ভাঙ্গার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | নান্দাইল চৌরাস্তা গোল চত্বরে ১৯৪৮ সাল হতে ১৯৭১ সাল পর্যন্ত ইতিহাস সম্মিলিত একটি টাওয়ার নির্মাণ করা হবে। উক্ত টাওয়ার নির্মাণ স্থান হতে দুইটি টয়লেট ভাঙ্গা ও সড়ানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌলশলী (এলজিইডি) নান্দাইল/ চেয়ারম্যান চণ্ডীপাশা ইউনিয়ন পরিষদ। |
| **১৭। চেয়ারম্যান আচারগাঁও ইউনিয়ন পরিষদ** গত ৭ জানুয়ারি/২০২৪ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠ ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার নান্দাইলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>ইউনিয়ন পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান আচারগাঁও ইউনিয়ন পরিষদ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/১/২৪

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৩- ০৭

তারিখ ঃ-২৩/০১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৪, ময়মনসিংহ-৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২৩/০১/২৪
(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।